

প্রেস রিলিজ
০৭ মার্চ ২০২৬

বাউবি'র বিএমএড প্রোগ্রামের ২০২৬ ব্যাচের ওরিয়েন্টেশন ক্লাস সারাদেশে ১৪টি স্টাডি সেন্টারে অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর স্কুল অব এডুকেশন পরিচালিত বিএমএড (Bachelor of Madrasa Education) প্রোগ্রাম-এর ২০২৬ ব্যাচের ১ম সেমিস্টারে ভর্তিকৃত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন ক্লাস আজ শনিবার (৭ মার্চ ২০২৬) সকাল ৯:৩০ মিনিটে সারাদেশের ১৪টি স্টাডি সেন্টারে একযোগে অনুষ্ঠিত হয়।


মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম এর নির্দেশনায় পরিচালক (এসএসএস) বিভাগ থেকে জারিকৃত অফিস আদেশ অনুযায়ী নির্ধারিত প্রধান রিসোর্স পার্সনগণ নিজ নিজ স্টাডি সেন্টারে উপস্থিত থেকে ওরিয়েন্টেশন ক্লাস পরিচালনা করেন।

আজকের ওরিয়েন্টেশন কার্যক্রম যে ১৪টি স্টাডি সেন্টারে অনুষ্ঠিত হয় সেই স্টাডি সেন্টারসমূহ হচ্ছে ;

- ১। খুলনা আলিয়া কামিল মাদ্রাসা, খুলনা।
- ২। সরকারি আলিয়া মাদ্রাসা, বকশী বাজার, ঢাকা।
- ৩। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), গাজীপুর।
- ৪। সাগরদী ইসলামিয়া কামিল মাদ্রাসা, বরিশাল।
- ৫। জামেয়া আহমদিয়া সুন্নিয়া আলীয়া (কামিল) মাদ্রাসা, ষোল শহর, চট্টগ্রাম।
- ৬। যশোর আমিনিয়া কামিল স্নাতকোত্তর মাদ্রাসা, যশোর।
- ৭। সরকারি মুস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া।
- ৮। মুলাটোল মদিনাতুল উলুম কামিল (এমএ) মাদ্রাসা, রংপুর।
- ৯। সিলেট সরকারি আলিয়া মাদ্রাসা, চৌহাট্টা, সিলেট।
- ১০। ইসলামিয়া আলিয়া কামিল মাদ্রাসা, চকবাজার, কুমিল্লা।
- ১১। রাজশাহী দারুস সালাম কামিল মাদ্রাসা, রাজশাহী।
- ১২। মোমেনশাহী ডি এস কামিল মাদ্রাসা, ময়মনসিংহ।
- ১৩। সবজাননেসা মহিলা কামিল মাদ্রাসা, পূর্ব খাবাসপুর, ফরিদপুর।
- ১৪। পাবনা কামিল আলিয়া মাদ্রাসা, পাবনা।

ওরিয়েন্টেশন ক্লাসে নবাগত শিক্ষার্থীদেরকে প্রোগ্রামের পাঠ্যক্রম, দূরশিক্ষণ পদ্ধতি, পাঠদান কার্যক্রম, মূল্যায়ন পদ্ধতি এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন একাডেমিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিতভাবে অবহিত করা হয়। এছাড়া তাদেরকে শিক্ষা কার্যক্রমে নিয়মিত অংশগ্রহণ, পাঠ্য উপকরণের যথাযথ ব্যবহার এবং নির্ধারিত একাডেমিক ক্যালেন্ডার অনুসরণ করার বিষয়ে দিকনির্দেশনা প্রদান করা হয়।

বাউবি কর্তৃপক্ষ আশাবাদ ব্যক্ত করেন যে, এই ওরিয়েন্টেশন প্রোগ্রামের মাধ্যমে শিক্ষার্থীরা তাদের শিক্ষা কার্যক্রম সম্পর্কে সুস্পষ্ট ধারণা লাভ করবে এবং দূরশিক্ষণ পদ্ধতির সুযোগকে কাজে লাগিয়ে সফলতার সঙ্গে তাদের উচ্চশিক্ষা সম্পন্ন করতে সক্ষম হবে।





মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)

